



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ১৬(৬৯৩)/জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০২০-২১/৫১০৯

তারিখ: ১৩/১১/২০২৩

২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন কার্ড ইস্যু সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন কার্ড ২০ নভেম্বর ২০২৩ তারিখ থেকে ইস্যু করা হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ নিম্নোক্ত করণীয় ও সময়সূচি অনুসরণ করে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে পারবেন।

রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করার নিয়মাবলী

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করে প্রিন্ট নেয়ার তারিখ: ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে সংশ্লিষ্ট কলেজসমূহকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions/regicard) লিঙ্কে যেতে হবে। পরবর্তীতে College Login অপশনে গিয়ে (ক্রমিক-২ এর নির্দেশনা অনুযায়ী প্রাপ্ত) User ID ও Password ব্যবহার করে রেজিস্ট্রেশন কার্ড Download করে প্রিন্ট নিতে হবে। কলেজ কর্তৃপক্ষকে রেজিস্ট্রেশন কার্ডের প্রিন্ট কপিতে প্রদর্শিত সকল তথ্য ও ছবি মিলিয়ে দেখতে হবে। সকল তথ্য ও ছবি সঠিক থাকলে রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থী এবং কলেজ অধ্যক্ষ নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করবেন। এছাড়াও শিক্ষার্থীর ছবির উপর সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ স্বাক্ষর ও সিল প্রদান করবেন। উল্লেখ্য যে, রেজিস্ট্রেশন কার্ডে সংশ্লিষ্ট শিক্ষার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রদর্শিত হলে উক্ত শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।	২০/১১/২০২৩ থেকে ২১/১২/২০২৩
২।	পাসওয়ার্ড সংক্রান্ত নির্দেশাবলী: যে সকল কলেজ রেজিস্ট্রেশন কার্ড Download করার জন্য Password সংগ্রহ করে নাই তাদেরকে কলেজ কোড, কলেজের নাম, ঠিকানা, নিবন্ধিত মোবাইল নম্বর ও সঠিক ই-মেইল এ্যাড্রেসসহ ডিন দপ্তরের অফিসিয়াল ই-মেইল (pgdeanoffice@gmail.com) এ আবেদন পত্র প্রেরণ করতে হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজের ই-মেইলে User ID ও Password প্রেরণ করা হবে। উল্লেখ্য যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করার জন্য সংশ্লিষ্ট কলেজসমূহে যে User ID ও Password দেয়া হয়েছে তা বহাল থাকবে।	
৩।	উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে অথবা তৎপূর্বে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) ভর্তি কার্যক্রম সম্পর্কিত কোন ফি বকেয়া থাকলে সংশ্লিষ্ট কলেজে রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।	
৪।	মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামের অধীনে ভর্তি হয়ে থাকলে তার রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। এখানে উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিকৃত কোন শিক্ষার্থী নিজ ছবি ব্যতীত অন্যের ছবি দিয়ে ভর্তি হয়ে থাকলে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। সেক্ষেত্রে ছবি পরিবর্তনের আবেদন গ্রহণযোগ্য হবে না।	

বি: দ্র: ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থীর নিজের নাম/পিতা-মাতার নামে কোন ভুল থাকলে কার্ড ইস্যুর পরবর্তী এক মাসের মধ্যে তা সংশোধনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হবে।

১৩.১১.২০২৩

(প্রফেসর ড. মোহাম্মদ বিন কাশেম)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন: ০২-৯৯৬৬৯১৫৭৪

ই-মেইল- pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৬৯৩)/জাতী:বি:/রেজি:/একা:/প্রিলিমিনারী টু মাস্টার্স/২০২০-২১/৫১০৯

তারিখ: ১৩/১১/২০২৩

অবগতির জন্য অনুলিপি দেয়া হলোঃ

- ১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। অফিস কপি।

১৩.১১.২০২৩

(মন্সুজান বেগম)

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স প্রফেশনাল)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪